

স্মারক নং- ইআবি/রেজি./প্রশা/বিবিধ/২০১৬/২৫৯১

তারিখ: ২৭ কার্তিক, ১৪২৩ বঙ্গাব্দ  
০২ নভেম্বর, ২০১৬ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে “মাদরাসায় ফাজিল অনার্স পাঠদানের অনুমতি প্রদান”-শীর্ষক  
অনুষ্ঠানে উপস্থিত থাকা প্রসঙ্গে।**

জনাব,

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধীন “মাদরাসায় ফাজিল অনার্স পাঠদানের অনুমতি প্রদান”-শীর্ষক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। অনুষ্ঠানটি আগামী ০৮ নভেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ মঙ্গলবার দুপুর ১.০০ টায় শিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষ, বাংলাদেশ সচিবালয়, ঢাকায় অনুষ্ঠিত হবে। উক্ত অনুষ্ঠানে মাননীয় শিক্ষামন্ত্রী জনাব নুরুল ইসলাম নাহিদ, এম.পি প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে আনুষ্ঠানিক ঘোষণা প্রদানের সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। উক্ত অনুষ্ঠানে সকল ফাজিল অনার্স মাদরাসা ও নতুন পাঠদানের অনুমতি প্রাপ্ত ফাজিল অনার্স মাদরাসার অধ্যক্ষকে অবশ্যই উপস্থিত থাকতে হবে।

সুতরাং যথাসময়ে উপস্থিত হয়ে অনুষ্ঠান সার্থক করার জন্য অনুরোধ করছি।

অধ্যক্ষ

সকল ফাজিল অনার্স মাদরাসা

ও

নতুন পাঠদানের অনুমতি প্রাপ্ত

সকল ফাজিল অনার্স মাদরাসা।

*Shan 01.11.16*

(ড. মোহাম্মদ ইলিয়াছ ছিদ্দিকী)

পরিদর্শক (ভারপ্রাপ্ত)

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

- ১। রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ২। উপাচার্য মহোদয়ের একান্ত সচিব (সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৩। অর্থ ও হিসাব বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৪। অফিস নথি।

বি. দ্র. (!) অংশগ্রহণকারী অধ্যক্ষগণকে অবশ্যই ১২.০০-১২.৩০ মিনিটের মধ্যে সচিবালয় প্রবেশ গেট ০২ (দুই) এ পরিচয় দিয়ে বিশ্ববিদ্যালয় কর্মকর্তার নিকট থেকে পাস সংগ্রহ করে প্রবেশ করতে হবে।

(!!) নতুন পাঠদান অনুমতিপ্রাপ্ত মাদরাসার অধ্যক্ষগণকে সভায় আনুষ্ঠানিকভাবে পাঠদানের অনুমতিপত্র প্রদান করা হবে।